ঢাকা ওয়াসা

নথি নম্বরঃ ৪৬.১১৩.৬৩৫.০০.০০.২০২৫-২৬.০৭৯

বিষয়ঃ "Rewinding of 30KW aerator motor of DND aeration zone" কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ থেকে ৫ অনুগ্রহ করে দেখা যেতে সাপাশো ফেজ-২ হতে প্রতিদিন ২২.৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হয় এবং শুষ্ক মৌসুমে প্রি-ট্রিটমেন্ট প্ল্যান্ট মিটিয়োর এর মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটার এর অধিক প্রাক পরিশোধিত পানি সাপাশো ফেজ-১ ও ২ এর কনভেনশনাল ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহ করা হয়। ডি এন ডি খালে চারটি এরেশন জোনে (প্রতিটি জোনে পাচটি করে) মোট ২০ (বিশ) টি এরেটর রয়েছে যা Pre-Nitrification এর জন্য পানিতে বাতাসের অক্সিজেন যোগ করে থাকে। শুষ্ক মৌসুমে "র" ওয়াটারে এ্যামোনিয়ার পরিমান প্রায় ২০-৩০ পিপিএম (PPM) হয়, বিদ্যমান ৪৫ কোটি লিটার ক্যাপাসিটির প্রি-ট্রিটমেন্ট প্ল্যান্টের METEOR এর মাধ্যমে নমিনাল ফ্লো তে ১১ পিপিএম (PPM) এ্যামোনিয়া মুক্ত করা সম্ভব হয়। পানিতে এ্যামোনিয়ার পরিমান ১১ পিপিএম (PPM) এর বেশি থাকলে পরিশোধন প্রক্রিয়া ব্যাহত হয়। পূর্বে শুধুমাত্র শুষ্ক মৌসুমে এরেটর চালু করা হলেও বর্তমানে নদীর পানির গুনগত মান খারাপ এবং ডি এন ডি খালে পানি দূষনের মাত্রা বৃদ্ধি পাওয়ায় প্রায় সারা বছর এরেটর চালু রাখা হয়। মোট ২০ (বিশ) টি এরেটর এ ২০ টি মোটর ও ৬ টি স্পেয়ার মোটর অর্থাৎ ২৬ টি মোটর রয়েছে। এরেটর জোন সমূহ স্থাপন প্রায় ১২ বছর অতিবাহিত হয়েছে। বিভিন্ন সময় এরেটরের শ্যাফ্ট সমূহে ময়লা আবর্জনা আটকে মোটর জ্বলে গিয়েছে, যেহেতু সারা বছর নিয়মিত এরেটর সমূহ চালু রাখা হয়, তাই জরুরী ভিত্তিতে মোটর সমূহ রি-ওয়াইন্ডিং ও মেরামত করা প্রয়োজন। পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলিত টাকার পরিমাণ ৪,৯৫,৬৬০/- (চার লক্ষ পচানব্বই হাজার ছয়শত ষাট) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৬১ ও প্যাকেজ নং- W-66 অনুযায়ী, অর্থাৎ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের পরিচালন ব্যয় উপখাত কোড নং ০১-০৪-০১১ অর্থাৎ পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত হতে বহন করা যেতে পারে।

২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি পি.পি.আর-২০০৮ এর ৬৩ বিধি মোতাবেক Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহব্বান, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Executive Engineer, Saidabad Water Treatment Plant, Phase-2 (O&M) Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD From e- PW2(b) অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ এর বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Rewinding of 30KW aerator motor of DND aeration zone" কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৫,৬৬০/- (চার লক্ষ পচানব্বই হাজার ছয়শত ষাট) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

২৪/০৮/২৫
এইচ এম নূর হক অপু
সিএমএমএস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

২৪/৮/২৫
মোঃ রাকিব হোসেন প্রধান
সহকারী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

২৪/৮/২৫
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

SE(WS&PC)

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

অনুমোদিত

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

Office of the Executive Engineer
Saidabad Water Treatment Plant Phase-2 (O&M)
Dhaka WASA

Bill of Quantities

Subject:- Rewinding of 30KW aerator motor of DND aeration zone.

SL No.	Description	Rate Basis	Quantity	Unit	Unit Rate (Taka)	Total Amount (Taka)
1	Winding work with the supply of Super enamel copper wire (Gazi wire) SWG- 21	Approved Rate	180	Kg	1,965.00	353,700
2	Installation with supply of leathered paper		20	Kg	1,000.00	20,000
3	Installation with supply of Ampere cloth		30	Meter	250.00	7,500
4	Installation with supply of Ampere tube 3, 4, 5 & 6		10	Doz.	200.00	2,000
5	Installation with supply of Heat proof Ampere Cloth.		10	Meter	1,200.00	12,000
6	Installation with supply of rotor shaft top sleeve		24	No.	540.00	12,960
7	Greasing with supply of heat proof multipurpose grease		5	kg	8,500.00	42,500
8	Repair of Armature slot & rotor silver nickeling work		3	No.	15,000.00	45,000
	Total Amount including all Taxes, Tk					**495,660**
Total (In Words): Four Lac Ninety Five Thousand Six Hundred Sixty Only.						

28/08/20
এইচ এম নূর হক অপু
সিএমএমএস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

28/8/20
মোঃ রাকিব হোসেন প্রধান
সহকারী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

28/8/20
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা